

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪০১৮
খোয়াই, ০৪ নভেম্বর, ২০২৩

**বিকশিত ভারত সংকল্প যাত্রা
জুম্বারা গ্রাম পঞ্চায়েতে সুশাসন শিবির**

খোয়াই ব্লকের জাম্বুরা গ্রাম পঞ্চায়েতে বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে ২ দিনব্যাপী সুশাসন শিবির সম্প্রতি অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন জাম্বুরা গ্রাম পঞ্চায়েতের প্রধান সুশান্ত দেবনাথ, উপ-প্রধান সুমিত্রা শঙ্কু দাস, পঞ্চায়েতের সদস্য -সদস্যগণ সহ খোয়াই ব্লকের বিডিও অভিজিত দাস। শিবিরে পঞ্চায়েতের পক্ষ থেকে এলাকার ১২ জনকে আর ও আর এবং ১ জনকে ডেথ সার্টিফিকেট দেওয়া হয়। প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীণ প্রকল্পে ২০ জনকে দ্বিতীয় কিস্তির ৫০ হাজার টাকা করে তাদের অ্যাকাউন্ট প্রদান করা হয়। খোয়াই ব্লকের টিআরএলএমের পক্ষ থেকে ১০ জনের কাছ থেকে প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা ও ১০ জনের কাছ থেকে প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনার আবেদন পত্র গ্রহণ করা হয়। মহকুমা বন আধিকারিকের কার্যালয়ের পক্ষ থেকে ১৩০টি গাছের চারা এবং মহকুমা কৃষি তত্ত্বাবধায়কের কার্যালয়ের পক্ষ থেকে ৪ জন সুবিধাভোগীকে সস্তা বীজ প্রদান করা হয়। জাম্বুরা হেল্থ সাব সেন্টারের পক্ষ থেকে ১৬০ জনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়।
